

## 💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৩৪৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৬৯, ৫৭১]

৯. নামাথের সময় (১ الصلاة)

পরিচ্ছেদঃ ইশার নামাযের পূর্বে যার ঘুম এসে যায় সে ঘুমাতে পারবে

باب النَّوْمِ قَبْلَ الْعِشَاءِ لِمَنْ غُلِبَ

## আরবী

وَفِي رَوَايَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ الله عَنْهُمَا قَالَ: فَخَرَجَ نَبِيُّ اللَّهِ ، كَأَنِّي أَنْظُرُ إِلَيْهِ الآنَ، يَقْطُرُ رَأْسُهُ مَاءً، وَاضِعًا يَدَهُ عَلَى رَأْسِهِ، فَقَالَ لَوْلا أَنْ أَشُوَّ عَلَى أُمَّتِي لأَمَرْتُهُمْ أَنْ يُصِلُّوهَا هَكَذَا. (بخارى: [[] [] [] []

## বাংলা

৩৪৭) ইবনে আব্বাস (রাঃ) হতে অপর বর্ণনায় এসেছে, একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (ইশার নামাযের জন্য দেরী করে) বের হলেন। আমি যেন এখনও সেই দৃশ্য অবলোকন করছি। বের হওয়ার সময় তাঁর মাথা থেকে ফোটা ফোটা পানি ঝরছিল। আর সে সময় তিনি নিজ মাথায় হাত রেখেছিলেন। তিনি বললেনঃ আমি যদি আমার উম্মাতের উপর কঠিন না মনে করতাম. তাহলে আমি এভাবেই ইশার নামায পডার আদেশ দিতাম।

وحكى ابن عباس كَيْفَ وَضَعَ النَّبِيُّ صلى الله عليه وسلم عَلَى رَأْسِهِ يَدَهُ قال فَبَدَّدَ بَيْنَ أَصَابِعِهِ شَيْئًا مِنْ تَبْدِيدِ ثُمَّ وَضَعَ أَطْرَافَ أَصَابِعِهِ عَلَى قَرْنِ الرَّأْسِ ثُمَّ ضَمَّهَا يُمِرُّهَا كَذَلِكَ عَلَى الرَّأْسِ حَتَّى مَسَّتْ إِبْهَامُهُ طَرَفَ الأُذُنِ مَمَّا يَلِى الْوَجْهَ عَلَى الصَّدْغ وَنَاحِيَةِ اللِّحْيَةِ لاَ يُقَصِّرُ وَلاَ يَبْطُشُ إِلاَّ كَذَلِكَ

ইবনে আব্বাস (রাঃ) হতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মাথায় হাত রাখার পদ্ধতিও বর্ণিত হয়েছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হাতের আঙ্গুলগুলোকে ফাঁক করলেন। অতঃপর আঙ্গুলের পার্শ্বগুলো মাথার এক পার্শ্বে রাখলেন। তারপর আঙ্গুলগুলো মিলিয়ে মাথার উপর চালাতে লাগলেন। এমনকি বৃদ্ধাঙ্গুলের অগ্রভাগ মুখের দিকের কানপট্রি এবং দাড়ির কিনারা স্পর্শ করল। এ কাজটি করতে গিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাড়াহুড়া বা বেশী বিলম্ব করেননি।

## **English**

Sleeping before the 'Isha prayer if (one is) over-whelmed by it (sleep)

'Ibn `Abbas said: The Prophet came out as if I was looking at him at this



time, and water was trickling from his head and he was putting his hand on his head and then said, 'Hadn't I thought it hard for my followers, I would have ordered them to pray (`Isha' prayer) at this time.'

Ibn `Abbas. `Ata' separated his fingers slightly and put their tips on the side of the head, brought the fingers downwards approximating them till the thumb touched the lobe of the ear at the side of the temple and the beard on the face. He neither slowed nor hurried in this action but he acted like that.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন